

২৯ বছর পর ডিসেম্বরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন

আনোয়ার আদদীন ২৯ দীর্ঘ বছর পর আগামী ১৮ই ডিসেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাধারণ সমাবর্তন অনুষ্ঠিত হইবে। এই সমাবর্তনে সম্প্রতি কয়েক বছরে মাস্টার্স পাস করিয়া যাওয়া ছাত্র-ছাত্রীদের সার্টিফিকেট প্রদান ছাড়াও প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং অর্থনীতিতে নোবেল বিজয়ী বাঙ্গালী অমর্ত্য সেনকে সম্মানসূচক ডক্টরেট ডিগ্রী প্রদান করা হইবে। সর্বশেষ ১৯৭০ সালে সাধারণ সমাবর্তন অনুষ্ঠিত হইয়াছিল। উহার পর গত ২৯ বছরে বেশ কয়েকবার বিশেষ সমাবর্তন হইয়াছে। সর্বশেষ ১৯৯৭ সালে

ইউনেস্কোর ফেডারিকো মেয়রকে বিশেষ সম্মাননা প্রদান উপলক্ষে বিশেষ সমাবর্তনের আয়োজন করা হয়। ভিসি প্রফেসর এ. কে. আজাদ চৌধুরী জানাইয়াছেন, এই সাধারণ সমাবর্তনে যোগদানের ব্যাপারে অমর্ত্য সেন ইতিমধ্যে তাহার সম্মতি জ্ঞাপন করিয়াছেন। এখন ঢাকা বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর প্রেসিডেন্ট সাহাবুদ্দীন আহমদের সম্মতি পাইলেই সকল কর্মপ্রস্তুতি শুরু করা হইবে।
জানা গিয়াছে, সদ্য সমাপ্ত সিনেট (১৫শ পৃষ্ঠায় ৫-এর কঃ দঃ)

সমাবর্তন

(শেষ পৃষ্ঠার পর)

অধিবেশনে গৃহীত প্রস্তাবের ভিত্তিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে তাহার বিভিন্ন অবদানের জন্য সম্মানসূচক ডিগ্রী প্রদান করা হইবে। এই ব্যাপারে অর্চিরেই সিন্ডিকেটেরও অনুমোদন নেওয়া হইবে।

৩২ বছর পর সভাপতি পদে নির্বাচন!
একটানা দীর্ঘ ৩২ বছর পর আগামী ৩০শে আগস্ট ঢাকা বিশ্ববিদ্যালয়ের চতুর্থ শ্রেণীর কর্মচারী ইউনিয়নের সভাপতি পদে নির্বাচন অনুষ্ঠিত হইবে। এই পদে নূরুল ইসলাম নামে বিশ্ববিদ্যালয়ের কর্মচারী নন এমন একজন নির্বাচন ছাড়াই এ দীর্ঘকাল দায়িত্ব পালন করিয়া আসিতেছেন। ৩০শে আগস্ট সকাল ৯টা হইতে বেলা ২টা পর্যন্ত টিএসসির গেমস রুমে সভাপতিসহ ২৫টি পদের নির্বাচনে বিশ্ববিদ্যালয়ের কর্মচারীরা ভোট প্রদান করিবেন।

এসএম হলে

নতুন প্রভোস্ট

ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের শিক্ষক ডঃ আর. আই. এম. আমিনুর রশীদকে আগামী ১৬ই আগস্ট হইতে ৩ বছরের জন্য সলিমুল্লাহ হলের প্রভোস্ট নিয়োগ করা হইয়াছে। ১৫ই আগস্ট বর্তমান প্রভোস্ট প্রফেসর জিয়াউল শামস হকের মেয়াদ শেষ হইবে।

এদিকে জগন্নাথ হলের প্রভোস্ট প্রফেসর দুর্গাদাস ভট্টাচার্যের মেয়াদ গত ১লা আগস্ট শেষ হওয়ার পর এই হলের প্রভোস্ট পদে তাহাকে আরও ৩ বছরের জন্য পুনঃনিয়োগ দেওয়া হইয়াছে। অপরদিকে সূর্যসেন হলের প্রভোস্টের মেয়াদ গত জানুয়ারীতে শেষ হইলে বর্তমানে তাহাকে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত এই পদে দায়িত্ব প্রদান করা হইয়াছে।

সাংবাদিকতা বিভাগের

নয়া চেয়ারম্যান

বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শিক্ষক ডঃ আহাদুজ্জামান মোহাম্মদ আলীকে আজ (রবিবার) হইতে আগামী ৩ বছরের জন্য এই বিভাগের চেয়ারম্যান হিসাবে দায়িত্ব দেওয়া হইয়াছে। গত তিন বছর তাহার

সহধর্মিনী এবং এই বিভাগের শিক্ষিকা ডঃ সিতারা পারভীন চেয়ারম্যান হিসাবে দায়িত্ব পালন করিয়াছেন। উল্লেখ্য, সিতারা পারভীন প্রেসিডেন্ট সাহাবুদ্দীন আহমদের কন্যা।

ঢাবিঃ ক্যালেন্ডারে

বিজ্ঞানের প্রধান্য

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৯৯-২০০০ সালের ক্যালেন্ডার প্রকাশিত হইয়াছে সম্প্রতি। এই ক্যালেন্ডারে ৪টি আলোকচিত্রের মধ্যে ৩টিই বিজ্ঞান অনুষদ কেন্দ্রিক হওয়ায় অন্য অনুষদের ছাত্রছাত্রী-শিক্ষকরা অনুযোগ প্রকাশ করিয়াছে। ক্যালেন্ডারে বিজ্ঞান গ্রন্থাগার, গবেষণাগারে ছাত্রছাত্রীদের গবেষণাকর্ম ও নবনির্মিত সায়েন্স কমপ্লেক্স স্থান পাইয়াছে। আর শীর্ষের আলোকচিত্রটি কবি নজরুলের মাজার জিয়ারতরত অবস্থায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভিসি ডঃ আজাদ চৌধুরীর।